কার্যনির্বাহী সারাংশঃ

কাজ খুঁজে পেতে, আইনগত আবাসনের স্বীকৃতি পেতে, এবং আর্থিক হিসাবনিকাশের সমন্বয় করতে উত্তর-পশ্চিম কুইন্সের বাসিন্দারা প্রতিদিন সংগ্রাম করে থাকেন। অভিবাসী ক্রেতারা নিউ ইয়র্কের অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ—তারা টাকা খরচ করে, সঞ্চয় করে, করপ্রদান করে নিউ ইয়র্কের অর্থনীতিকে সচল রাখতে বিশেষ ভূমিকা পালন করে থাকেন। কিন্তু অর্থনৈতিক সক্ষমতা অর্জনের ক্ষেত্রে অভিবাদের অনেকগুলো প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয় । ফলত অনেক অভিবাসীই বাড়ি কেনা, উচ্চ শিক্ষার ব্যয়, অবসরকালীন সঞ্চয়, সর্বোপরি অর্থনৈতিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিত করার মত সম্পদ তৈরি করতে বাধাগ্রস্ত হন। তারপরেও অনেক অভিবাসী অর্থ সঞ্চয় করে ওঠেন, কিন্তু ভাষিক এবং সাংস্কৃতিকভাবে দক্ষ সেবাপ্রদান অনুপস্থিত থাকার কারণে তারা মূলধারার ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোতে আস্থা রাখেন না। কিছু কিছু অভিবাসী আবার মূলধারার ব্যবসায়িক প্রতিষ্ঠানের লুকানো কিংবা অতিরিক্ত ফি নিয়ে উদ্বিগ্ন। এইসব কারণে অনেক অভিবাসীই মূলধারার বাইরে থাকা ব্যবসায়িক প্রতিষ্ঠানকে বেছে নেন, যেগুলো সচরাচর গ্রাহকদের শোষণ এবং লুণ্ঠনে প্রবৃত্ত থাকে।

এই রিপোর্টটি দেখাবে উত্তরপশ্চিম কুইন্সের অভিবাসীরা কীভাবে অর্থ সঞ্চয় ও ব্যবস্থাপনা করেন, এবং তা করতে গিয়ে তারা কী কী বাধার সম্মুখীন হন। ব্যাংক এবং অন্যান্য মূলধারার ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে অভিবাসীদের জটিল সম্পর্ক উন্মোচন করার পাশাপাশি রিপোর্টটি দেখাবে অর্থনৈতিক সক্ষমতা অর্জনে কোন কোন পদ্ধতি কাজ করে এবং কোন কোনটা করে না। এছাড়াও রিপোর্টটি অভিবাসী সম্প্রদায়-কেন্দ্রিক সংগঠনগুলো কীভাবে অর্থনৈতিক সক্ষমতা অর্জনে ভূমিকা পালন করে তাও দেখাবে। সবশেষে, নীতি প্রণেতারা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো কীভাবে অভিবাসীদের অর্থনৈতিক সক্ষমতা অর্জনে সহায়তা করতে পারে সে ব্যাপারে রিপোর্টটি প্রায়োগিক পরামর্শ প্রদান করবে।

অনুসন্ধানে প্রাপ্ত মুখ্য তথ্যাবলীঃ

নিম্নোক্ত তথ্যাবলী নিউ ইমিগ্র্যান্ট কমিউনিটি এমপাওয়ারমেন্ট, ছায়া সিডিসি, এবং কুইন্স কমিউনিটি হাউজ এর সংগঠকদের করা জরিপের উপর ভিত্তি করে সংকলন করা হয়েছে। জরিপের প্রশ্নগুলো স্প্যানিশ, বাংলা, নেপালি, এবং তিব্বতি ভাষায় অনুবাদ করে উত্তর পশ্চিম কুইন্সের উত্তরদাতাদের কাছে সরবরাহ করা হয়েছিল।

অনুসন্ধানপ্রাপ্তি ১ঃ অভিবাসী ক্রেতারা অবগত করেছেন যে তারা নিয়মিত অর্থ সঞ্চয় করেছেন।

— ৪ জনের মধ্যে ৩ জন উত্তরদাতা ভবিষ্যতের প্রয়োজনের কথা ভেবে কিছু টাকা আলাদা করে রাখেন।
—১০ জনের মধ্যে ৯ জন উত্তরদাতা মাসিক হিসাবে কিছু টাকা সঞ্চয় করে থাকেন।

অনুসন্ধানপ্রাপ্তি ২ঃ যদিও অনেক অভিবাসীই জানিয়েছেন তাদের চেকিং অথবা সেভিংস একাউন্ট আছে বা ছিল, তাদের মধ্যে বেশ কিছুসংখ্যক অভিবাসী সেইসব একাউন্ট পরে প্রত্যাহার করে নিয়েছেন বা ব্যবহার করা বন্ধ করে দিয়েছেন।

— ৪ জনের মধ্যে ৩ জন উত্তরদাতার চেকিং বা সেভিংস একাউন্ট আছে।
— অর্ধেক সংখ্যক উত্তরদাতা তাদের এককালীন ব্যাংক একাউন্ট প্রত্যাহার করে নিয়েছেন বা ব্যবহার করা বন্ধ করে দিয়েছেন।

অনুসন্ধানপ্রাপ্তি ৪ঃ ব্যাংকগুলোতে ইংরেজি ছাড়া অন্য ভাষায় গ্রাহকসেবা প্রদানে এবং অভিবাসী সম্প্রদায়ের সাথে সাংস্কৃতিক যোগাযোগ স্থাপনে অক্ষমতার কারণে অভিবাসীদের ব্যাংকিং বাধাগ্রস্ত হয়। দক্ষিণ এশীয় ভাষাগুলোর ক্ষেত্রে এই সমস্যা বিশেষভাবে প্রকট।

— ১০ জনের মধ্যে ৪ জন বাংলাভাষী এবং ১০ জনের মধ্যে ৭ জন নেপালী/তিব্বতী ভাষী জানিয়েছেন ব্যাংকগুলো তাদের প্রাথমিক ভাষায় সেবা প্রদান করে না।
— অর্ধেকেরও অধিক নেপালি/তিব্বতি ভাষী উত্তরদাতা জানিয়েছেন ইংরেজিতে ব্যাংকিং করা কিছুটা হলেও কঠিন।

অনুসন্ধানপ্রাপ্তি ৫ঃ অন্যান্য ভাষাভাষী অভিবাসীদের তুলনায় স্প্যানিশভাষী অভিবাসীদের ব্যাংক একাউন্ট থাকার সম্ভাবনা কম, যদিও অন্যান্য ভাষার তুলনায় স্প্যানিশ ভাষায় সেবা প্রদানের হার বেশি।
—১০ জনের মধ্যে ৯ জন স্প্যানিশভাষী জানিয়েছেন যে তাদের ব্যাংক স্প্যানিশ ভাষায় সেবা প্রদান করে।
— কিন্তু ১০ জনের মধ্যে ৪ জন স্প্যানিশভাষী উত্তরদাতা তাদের চেকিং বা সেভিংস একাউন্ট ব্যবহার করেন না।

অনুসন্ধানপ্রাপ্তি ৬ঃ কিছু অভিবাসী গ্রাহক জানিয়েছেন তারা ব্যাংকের বাইরে অন্যান্য ব্যবসায়িক প্রতিষ্ঠান ব্যবহার করে থাকেন।
— এক-তৃতীয়াংশ উত্তরদাতা জানিয়েছেন তারা ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নের তুলনায় চেক-ক্যাশিং এবং রেমিটেন্স এজেন্সিকে প্রাধান্য দিয়ে থাকেন।
—আর্থিক সাহায্যের প্রয়োজন হলে অর্ধেকেরও বেশি উত্তরদাতা পরিবার-পরিজন এবং বন্ধুদের শরণাপন্ন হন বলে অবগত করেছেন।
—আর্থিক দুরাবস্থায় ১০ জনের মধ্যে কেবল ১ জন ব্যাংকের সাহায্য নেবেন বলে জানিয়েছেন।

অনুসন্ধানপ্রাপ্তি ৭ঃ অভিবাসী সম্প্রদায় কেন্দ্রিক সংগঠনগুলো অভিবাসীদের অর্থনৈতিক সক্ষমতা অর্জনের জন্য প্রয়োজনীয় সেবাপ্রদানের সবচেয়ে উপযুক্ত মাধ্যম।

নির্বাচিত সুপারিশমালাঃ
জরিপের মাধ্যমে সংগৃহীত তথ্যউপাত্ত, নীতিমালা বিশ্লেষণ এবং আইনী গবেষণার উপর ভিত্তি করে নর্থওয়েস্ট কুইন্স ফিনান্সিয়াল এড্যুকেশন নেটওয়ার্ক (NQFEN) নিম্নোক্ত সুপারিশমালা প্রণয়ন করেছে। উত্তর-পশ্চিম কুইন্সের স্বল্প আয়ের অভিবাসী সম্প্রদায়ের চাহিদা এবং প্রয়োজনকে প্রাধান্য দিয়ে এই সুপারিশমালা তৈরি করা হয়েছে। এই সুপারিশগুলোকে বাস্তবায়ন করার জন্য নিউ ইয়র্ক শহরের মেয়র, সিটি কাউন্সিল, সিটি এজেন্সিগুলো এবং অন্যান্য নীতিমালা প্রণয়নকারীদের পদক্ষেপ নেওয়া বাঞ্ছনীয়। নিউ ইয়র্ক শহরের অভিবাসীদের অর্থনৈতিক সক্ষমতার উন্নতিসাধনের জন্য বিদ্যমান আইন এবং প্রকল্পগুলোকেও জোরদার করা দরকার।

১। নিউ ইয়র্ক শহরের নীতিমালা প্রণয়নকারী এবং ব্যাংকগুলোর এটা নিশ্চিত করা উচিত যে সম্প্রদায়-কেন্দ্রিক সংগঠনগুলো (CBO) পর্যাপ্ত সুযোগসুবিধার যোগান পায়। এতে করে তারা অভিবাসী গ্রাহকদের ভাষিকভাবে বোধগম্য এবং সাংস্কৃতিকভাবে মানানসই সেবা প্রদানে সক্ষম হবে। কমিউনিটি রিইনভেস্টমেন্ট এক্ট (CRA) এবং নিউ ইয়র্ক শহরের রেসপন্সিবল ব্যাংকিং এক্ট (RBA) হল দুটি বিদ্যমান মাধ্যম যাদেরকে ব্যবহার করে এই ঘাটতি পূরণ করা যাবে।

২। অভিবাসী গ্রাহকদের উৎসাহিত করার জন্য ব্যাংকগুলোর জমাকৃত টাকার পরিমাণ নূন্যতম করা উচিত। তাছাড়া ভারবাহী এবং লুকানো ফি সমূহও প্রত্যাহার করা উচিত।

৩। নিউ ইয়র্ক শহরের নীতিমালা প্রণয়নকারীদের নিশ্চিত করা উচিত যে ব্যাংকগুলো মানসম্পন্ন ভাষিকভাবে বোধগম্য এবং সাংস্কৃতিকভাবে মানানসই সেবা প্রদান করছে।

৪। ব্যাংক-বহির্ভূত এবং প্রান্তিক ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর সাথে লেনদেন করার ক্ষেত্রে গ্রাহকের অধিকার নিয়ে সচেতনতা সৃষ্টি করার জন্য নিউ ইয়র্ক শহরের নীতিমালা প্রণয়নকারীদের পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া দরকার।

৫। নিউ ইয়র্ক শহরের নীতিমালা প্রণয়নকারীদের ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর উপর চাপ সৃষ্টি করা উচিত যাতে করে তারা **IDNYC**-কে ব্যাংক একাউন্ট খোলা এবং ঋণ দেওয়ার ক্ষেত্রে প্রাথমিক পরিচয়পত্র হিসাবে গ্রহণ করে।

৬। উত্তর-পশ্চিম নিউ ইয়র্কে একটি কমিউনিটি ডেভেলাপমেন্ট ক্রেডিট ইউনিয়ন প্রতিষ্ঠার জন্য নিউ ইয়র্ক শহরের নীতিমালা প্রণয়নকারীদের সাহায্য করা উচিত।

৭। নিম্ন আয়ের জনসাধারণ এবং সম্প্রদায়ের প্রতি ব্যাংকগুলোর সেবার মান পর্যালোচনা করার সময় কমিউনিটি রিইনভেস্টমেন্ট এক্টের পরিচালকেরা এবং নিউ ইয়র্ক শহরের রেসপন্সিবল ব্যাংকিং উপদেষ্টা বোর্ড **NQFEN**-কর্তৃক প্রণীত সকল সুপারিশমালা বিবেচনা করা উচিত।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন এই ঠিকানায়ঃ info@chhayacdc.org